মেহেরপুরে দিনব্যাপি সাহিত্য মেলার উদ্বোধন

বাংলা একাডেমীর উপপরিচালক ও বিশিষ্ট লালন গবেষক ড. শরিফুল ইসলাম (সাইমন জাকারিয়া) বলেন, ইতিহাস পূর্বকাল থেকে বাঙ্গালীর ভাষা, সংস্কৃতি ও সৃষ্টি ও বিবর্তনে অসংখ্য মৌলিক সৃষ্ট চিন্তা ও দার্শনিকের দেখা মিলে। তাদের অবদানে এই দেশ ও অঞ্চলে সাহিত্যের গতিধারা যুগে যুগে বাক পরিবর্তন করে। বর্তমান ও ভাবীকালের মানুষের সাথে সঙ্গতিপূর্ণ প্রবহমান থাকে। বাঙ্গালী বাংলা ভাষা বাংলা সাহিত্য এবং বাংলাদেশ এই নবআঙ্গিক ইতিহাসের সাথে সংযুক্ত। বাঙালী একটি ইতিহাসের জাতী। সর্বকালের শ্রেষ্ট বাঙ্গালী শেখ মুজিবুর রহমানের সাথে বাংলা ভাষা ও সাহিত্যের।

আজ রবিবার (২৩ অক্টোবর) বেলা ১১ টার সময় মেহেরপুরে দিন ব্যাপি সাহিত্য মেলা ২০২২ এর উদ্বোধন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান বক্তার আলোচনায় তিনি এসব কথা বলেন।

মেহেরপুর শিল্পকলা একাডেমীতে অনুষ্ঠিত সাহিত্য মেলা সংস্কৃতিক মন্ত্রণালয়ের পৃষ্টপোষকতায় ও বাংলাদেশ শিল্পকলার সমন্বয়ে এই সাহিত্য মেলার আয়োজন করে মেহেরপুর জেলা প্রশাসন।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খানের সভাপতিত্বে সাহিত্য মেলা-২০২২ উপলক্ষে আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি কবি সাহিত্যিকদের কর্মশালায় প্রধান অতিথি হিসেবে (ভার্চ্যুয়াল) ঢাকা থেকে উদ্বোধন করেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়ে উপসচিব বাবুল মিয়া, মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম।

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রনী খাতুনের সঞ্চালনায় এসময় মঞ্চে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, কথা

সাহিত্যিক মোজাফ্ফর হোসেন প্রমুখ।

আলোচনা সভায় প্রবন্ধ পাঠ করেন, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু ও মেহেরপুর সরকারি মহিলা কলেজের সাবেক অধ্যাপক (অব:) গাজী রহমান।

এই সাহিত্য মেলায় মেহেরপুর জেলার তৃণমুল পর্যায়ের বিভিন্ন কবি, সাহিত্যিক, গীতি কবি, ছড়াকার, গল্পকার নাট্যকারসহ সাহিত্যের বিভিন্ন পর্যায়ের ব্যক্তিরা অংশ নেন।